গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(www.moca.gov.bd)

জাতীয় পর্যায়ে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর এর ১৬৩তম জন্মবার্ষিকী ১৪৩১/২০২৪ এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর ১২৫তম জন্মবার্ষিকী ১৪৩১/২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে জাতীয় কমিটির প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | নাহিদ ইজাহার খান, এমপি<br>প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ০২ এপ্রিল ২০২৪, সকাল ১০.৩০টা |
| সভার স্থান | : | জাতীয় নাট্যশালার সেমিনার হল<br>বাংলাদেশ শিল্পকলা একাডেমি |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব বলেন প্রতিবছরের ন্যায় এবছরও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে জাতীয় পর্যায়ে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর এর ১৬৩তম জন্মবার্ষিকী ১৪৩১/২০২৪ এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর ১২৫তম জন্মবার্ষিকী ১৪৩১/২০২৪ উদ্‌যাপন করা হবে। রবীন্দ্র-নজরুল জন্মবার্ষিকী উদ্‌যাপনের কর্মসূচি নির্ধারণের লক্ষ্যে তিনি সভায় উপস্থিত সকলকে মতামত প্রদানের অনুরোধ জানান। সভায় উপস্থিত সদস্যগণ প্রস্তাবিত কর্মসূচিসমূহের বিষয়ে মতামত প্রদান করেন। উক্ত মতামতের ভিত্তিতে কর্মসূচিসমূহ বাস্তবায়নের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়:

২. (ক) আগামী ২৫ বৈশাখ ১৪৩১/ ৮ মে ২০২৪ তারিখ বুধবার বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর এর ১৬৩তম জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি/সিদ্ধান্তসমূহ:

| ক্রমিক | কর্মসূচি/সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১. | **অনুষ্ঠানের প্রতিপাদ্য বিষয়:**<br>জাতীয়ভাবে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর এর ১৬৩তম জন্মবার্ষিকী উদ্‌যাপনে সুধীগণের মতামতের ভিত্তিতে এবারের প্রতিপাদ্য বিষয় **'সোনার বাংলা স্বপ্ন ও বাস্তবতা: রবীন্দ্রনাথ থেকে বঙ্গবন্ধু'** নির্ধারণ করা হয়। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| ২. | **মূল অনুষ্ঠানের স্থান ও সময়:**<br>সভায় বিগত পাঁচ বছরের মূল অনুষ্ঠানের স্থানসমূহ বিবেচনা করে এবারের রবীন্দ্র জন্মবার্ষিকীর মূল অনুষ্ঠান ২৫শে বৈশাখ ১৪৩১/ ৮ই মে ২০২৪ তারিখ বুধবার বাংলাদেশ শিল্পকলা একাডেমি ঢাকায় আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমি। |
| ৩. | **উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি:**<br>উদ্বোধনী অনুষ্ঠানে সকাল ১১.০০টায় প্রধান অতিথি হিসেবে বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় স্পীকার উপস্থিত থাকবেন।<br>দ্বিতীয় দিন সৈয়দ আকরাম হোসেন, অবসরপ্রাপ্ত অধ্যাপক, বাংলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়; এবং তৃতীয় দিন রেজওয়ানা চৌধুরী বন্যা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |
| ৪. | **অনুষ্ঠানের স্মারক বক্তা মনোনয়ন:**<br>অনুষ্ঠানের স্মারক বক্তা হিসেবে প্রথম দিন জনাব রামেন্দু মজুমদার; | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |

| ক্রমিক | কর্মসূচি/সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| | দ্বিতীয় দিন অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক, সভাপতি, বাংলাদেশ জাতীয় জাদুঘর পর্ষদ এবং সাবেক উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জনাব ফকরুল আলম, অবসরপ্রাপ্ত অধ্যাপক, ইংরেজি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়; এবং<br>তৃতীয় দিন প্রফেসর ড. মো: শাহ্ আজম, উপাচার্য, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়-কে সর্বসম্মতিক্রমে মনোনীত করা হয়। | |
| ৫. | **উদ্বোধনী অনুষ্ঠানে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন:**<br>উদ্বোধনী অনুষ্ঠানে ৪০ মিনিটের সাংস্কৃতিক পর্ব থাকবে (৩০ মিনিট বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং ১০ মিনিট বাংলাদেশ শিশু একাডেমির আয়োজনে সাধারণ শিশু ও বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের নিয়ে সাংস্কৃতিক পর্ব)। | বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং বাংলাদেশ শিশু একাডেমি |
| ৬. | **জন্মবার্ষিকী উপলক্ষ্যে স্মরণিকা ও পোস্টার মুদ্রণ:**<br>বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর এর ১৬৩তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে ৪০০ (চারশত) স্মরণিকা ও ১০,০০০ (দশ হাজার) পোস্টার মুদ্রণ করা হবে। রবীন্দ্র স্মৃতি বিজড়িত জেলাসমূহে ৫০০টি ও অন্যান্য জেলাসমূহের প্রতিটি উপজেলার জন্য (কমপক্ষে) ১৫টি করে পোস্টার প্রেরণের বিষয়টি বাংলা একাডেমি নিশ্চিত করবে। ইংরেজি পোস্টারের ডিজাইন মন্ত্রণালয় থেকে অনুমোদন করে বাংলা একাডেমি মুদ্রণ করবে। সকল জেলায় বিভিন্ন সড়কদ্বীপসমূহ ব্যানার, ফেস্টুন, পোস্টার দ্বারা সজ্জিত করতে হবে।<br>বাংলা একাডেমি রবীন্দ্র জন্মবার্ষিকী উপলক্ষ্যে প্রকাশিতব্য স্মরণিকার জন্য মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় প্রতিমন্ত্রী, সচিব ও বিশেষ অতিথিবৃন্দের বাণী এবং ভাষণের খসড়া প্রস্তুত করে মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে স্মরণিকায় প্রকাশ নিশ্চিত করবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়<br>এবং<br>বাংলা একাডেমি। |
| ৭. | **জাতীয় পর্যায়ের অনুষ্ঠানের অংশ হিসেবে রবীন্দ্র স্মৃতি বিজড়িত স্থানসমূহে অনুষ্ঠান আয়োজন:**<br>বিশ্বকবির স্মৃতিবিজড়িত কুষ্টিয়ার শিলাইদহ, নওগাঁর পতিসর, সিরাজগঞ্জের শাহজাদপুর, এবং খুলনার দক্ষিণডিহি ও পিঠাভোগে স্থানীয় প্রশাসনের ব্যবস্থাপনায় যথাযোগ্য মর্যাদায় বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর এর ১৬৩তম জন্মবার্ষিকী উদ্‌যাপন করতে হবে। এ উপলক্ষ্যে রবীন্দ্রমেলা, রবীন্দ্রবিষয়ক আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করতে হবে। রবীন্দ্রমেলা, রবীন্দ্রবিষয়ক আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান জাঁকজমকপূর্ণ এবং উৎসবমুখর করার লক্ষ্যে ব্যাপক প্রচারসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>জেলা প্রশাসকের সভাপতিত্বে সংশ্লিষ্ট এলাকার মাননীয় মন্ত্রী/মাননীয় সংসদ সদস্য এবং স্থানীয় রবীন্দ্র গবেষক ও সুধীমণ্ডলির মধ্য থেকে প্রধান অতিথি ও বিশেষ অতিথির সমন্বয়ে অনুষ্ঠান করতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং জেলা প্রশাসক, কুষ্টিয়া, সিরাজগঞ্জ, খুলনা, নওগাঁ। |
| | **অন্যান্য জেলাসমূহে অনুষ্ঠান আয়োজন:**<br>রবীন্দ্র স্মৃতি বিজড়িত জেলা ব্যতীত অন্যান্য সকল জেলার জেলা প্রশাসকগণ স্থানীয় সংসদ সদস্য, জনপ্রতিনিধি ও সুধীজনের সহযোগিতায় কমিটি গঠন করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদ্‌যাপন করবেন। সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারগণ অনুষ্ঠানসমূহের সার্বিক তত্ত্বাবধান করবেন। সাংস্কৃতিক অনুষ্ঠানের বিষয়ে জেলা শিল্পকলা একাডেমি প্রয়োজনীয় সহযোগিতা করবেন। | মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, কমিশনার (সকল বিভাগ), জেলা প্রশাসক (সকল) এবংবাংলাদেশ শিল্পকলা একাডেমি। |

| ক্রমিক | কর্মসূচি/সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৮. | **সাংস্কৃতিক অনুষ্ঠান, চারুকলা প্রদর্শনী ও ডকুমেন্টারী প্রদর্শনী আয়োজন:** বিশ্বকবির জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে ০৩ (তিন) দিনব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠান ও কবির চিত্রশিল্প প্রদর্শনীর আয়োজন এবং একই সাথে বিশ্ব কবি রবীন্দ্রনাথের উপর নির্মিত ডকুমেন্টারী সংগ্রহপূর্বক প্রচারের ব্যবস্থা করতে হবে। | বাংলাদেশ শিল্পকলা একাডেমি। |
| ৯. | **আলোচনা সভা:** বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে আলোচনা সভা আয়োজন করতে হবে। | বাংলা একাডেমি। |
| ১০. | **সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থায় সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা অনুষ্ঠান আয়োজন:** সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মবার্ষিকী উপলক্ষ্যে বিশেষ আলোচনা সভা/ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা। |
| ১১. | **টেলিভিশন ও বেতারে অনুষ্ঠান সম্প্রচার:** জাতীয় পর্যায়ের উদ্বোধনী অনুষ্ঠানমালা বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ বেসরকারি বেতার ও টেলিভিশনে সরাসরি সম্প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। একই সাথে অন্যান্য অনুষ্ঠান ধারণপূর্বক সম্প্রচার এবং দেশের বিশিষ্ট কবিদের স্বকণ্ঠে আবৃত্তি/ গান সংগৃহীত থাকলে তা প্রচারের ব্যবস্থা করতে হবে। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তথ্য অধিদফতর, বাংলাদেশ টেলিভিশন এবং বাংলাদেশ বেতার। |
| ১২. | **ডিজিটাল ডিসপ্লে বোর্ড প্রদর্শন:** ঢাকাস্থ সকল সড়কদ্বীপে এবং অন্যান্য সকল জেলায় বিশ্বকবির ছবি, কবিতা, পরিচিতি ও চিত্রকর্ম প্রদর্শন ও ডিজিটাল ডিসপ্লেসহ আলোকসজ্জার ব্যবস্থা গ্রহণ করতে হবে। সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন বিলবোর্ডসমূহে দিবসের সাথে সঙ্গতি রেখে কনটেন্ট প্রদর্শনের জন্য স্থানীয় সরকার বিভাগ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। | মন্ত্রিপরিষদ বিভাগ, স্থানীয় সরকার বিভাগ এবং জেলা প্রশাসক (সকল)। |
| ১৩. | **অনুষ্ঠানস্থলের নিরাপত্তা ও আইন শৃঙ্খলা রক্ষা:** জাতীয় পর্যায়ের মূল অনুষ্ঠান ও অন্যান্য স্থানের অনুষ্ঠানমালার সার্বিক নিরাপত্তা ও আইন শৃঙ্খলা এবং অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে। | জননিরাপত্তা বিভাগ এবং সুরক্ষা সেবা বিভাগ। |
| ১৪. | **দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে রবীন্দ্র জন্মবার্ষিকী উদ্‌যাপন:** দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে সাংস্কৃতিক অনুষ্ঠান, আলোচনা অনুষ্ঠান, রচনা ও আবৃত্তি প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে বিশ্বকবির জন্মবার্ষিকী আবশ্যিকভাবে উদ্‌যাপন করতে হবে। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। |
| ১৫. | **বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক রবীন্দ্র জন্মবার্ষিকী উদ্‌যাপন:** বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহে দিবসটি যথাযথভাবে উদ্‌যাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পররাষ্ট্র মন্ত্রণালয়। |

২. (খ) জাতীয় কমিটির সভায় আগামী ১১ জ্যৈষ্ঠ ১৪৩১/ ২৫ মে ২০২৪ তারিখ শনিবার জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর ১২৫তম জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে নিম্নবর্ণিত কর্মসূচি নির্ধারণ এর বিষয়ে সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | কর্মসূচি/সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১. | **অনুষ্ঠানের প্রতিপাদ্য বিষয়:**<br>জাতীয়ভাবে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর ১২৫তম জন্মবার্ষিকী উদ্‌যাপনে সুধীগণের মতামতের ভিত্তিতে এবারের প্রতিপাদ্য '**অসাম্প্রদায়িক চেতনা এবং নজরুল**' নির্ধারণ করা হয়। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |
| ২. | **মূল অনুষ্ঠানের স্থান ও সময়:**<br>সভায় বিগত পাঁচ বছরের মূল অনুষ্ঠানের স্থানসমূহ বিবেচনা করে এবারের জন্মবার্ষিকীর মূল অনুষ্ঠান ১১ জ্যৈষ্ঠ ১৪৩১/২৫ মে ২০২৪ তারিখ বাংলা একাডেমিতে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, কবি নজরুল ইনস্টিটিউট এবং বাংলা একাডেমি। |
| ৩. | **উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি:**<br>জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর জন্মবার্ষিকী উদ্‌যাপন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার জন্য প্রথম দিন বাংলাদেশ জাতীয় সংসদের উপনেতা জনাব মতিয়া চৌধুরী, এমপি; দ্বিতীয় দিন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ডা. দীপু মণি, এমপি এবং তৃতীয় দিন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব সিমিন হোসেন রিমি, এমপি-কে আমন্ত্রণ জানানো হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |
| ৪. | **অনুষ্ঠানের স্মারক বক্তা মনোনয়ন:**<br>অনুষ্ঠানের স্মারক বক্তা হিসেবে প্রথম দিন জনাব মফিদুল হক, ট্রাস্টি, বাংলাদেশ মুক্তিযুদ্ধ জাদুঘর;<br>দ্বিতীয় দিন সৈয়দ মনজুরুল ইসলাম, ইমেরিটাস অধ্যাপক, ইংরেজি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়; এবং<br>তৃতীয় দিন জনাব সৌমিত্র শেখর, উপাচার্য, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় ও এ এফ এম হায়াতুল্লাহ, নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউট-কে সর্বসম্মতিক্রমে মনোনীত করা হয়। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |
| ৫. | **সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন:**<br>উদ্বোধনী অনুষ্ঠানে ৪০ মিনিটের সাংস্কৃতিক পর্ব থাকবে (৩০ মিনিট কবি নজরুল ইনস্টিটিউট এবং ১০ মিনিট বাংলাদেশ শিশু একাডেমির আয়োজনে সাধারণ শিশু ও বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের নিয়ে সাংস্কৃতিক পর্ব)। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, কবি নজরুল ইনস্টিটিউট, বাংলাদেশ শিশু একাডেমি |
| ৬. | **জন্মবার্ষিকী উপলক্ষ্যে স্মরণিকা ও পোস্টার মুদ্রণ:**<br>জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর ১২৫তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে ৪০০ (চারশত) কপি স্মরণিকা ও ১০,০০০ (দশ হাজার) কপি পোস্টার মুদ্রণ করা হবে। স্মৃতি বিজড়িত জেলাসমূহে ৫০০টি ও অন্যান্য জেলাসমূহের প্রতিটি উপজেলার জন্য (কমপক্ষে) ১৫টি করে পোস্টার কবি নজরুল ইনস্টিটিউট কর্তৃক বিতরণ করা হবে। গঠিত কমিটি ও কবি নজরুল ইনস্টিটিউট স্মরণিকা ও পোস্টার মুদ্রণ এবং বিতরণের দায়িত্ব পালন করবেন। ইংরেজি পোস্টারের ডিজাইন মন্ত্রণালয় হতে অনুমোদন করে কবি নজরুল ইনস্টিটিউট মুদ্রণ করবে। সকল জেলায় বিভিন্ন সড়কদ্বীপসমূহ ব্যানার, ফেস্টুন, পোস্টার দ্বারা সজ্জিত করতে হবে।<br>কবি নজরুল ইন্সটিটিউট জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্মবার্ষিকী উপলক্ষ্যে প্রকাশিতব্য স্মরণিকার জন্য মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় প্রতিমন্ত্রী, সচিব ও বিশেষ অতিথিবৃন্দের বাণী এবং | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং কবি নজরুল ইনস্টিটিউট। |

| ক্রমিক | কর্মসূচি/সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| | ভাষণের খসড়া প্রস্তুত করে মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে স্মরণিকায় প্রকাশ নিশ্চিত করবেন। | |
| ৭. | **জাতীয় পর্যায়ের অনুষ্ঠানের অংশ হিসেবে নজরুল স্মৃতি বিজড়িত স্থানসমূহে অনুষ্ঠান আয়োজন:**<br>ঢাকাসহ জাতীয় কবির স্মৃতিবিজড়িত কুমিল্লার দৌলতপুর, মানিকগঞ্জের তেওতা, চুয়াডাঙ্গার কার্পাসডাঙ্গা, ময়মনসিংহের ত্রিশাল এবং চট্টগ্রামে স্থানীয় প্রশাসনের ব্যবস্থাপনায় যথাযোগ্য মর্যাদায় জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর ১২৫তম জন্মবার্ষিকী উদ্‌যাপন করতে হবে। নজরুল মেলা, নজরুল বিষয়ক আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান জাঁকজমকপূর্ণ এবং উৎসবমুখর করার লক্ষ্যে ব্যাপক প্রচারসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>জেলা প্রশাসকের সভাপতিত্বে সংশ্লিষ্ট এলাকার মাননীয় মন্ত্রী/মাননীয় সংসদ সদস্য এবং স্থানীয় নজরুল গবেষক ও সুধীমণ্ডলির মধ্য থেকে প্রধান অতিথি ও বিশেষ অতিথির সমন্বয়ে অনুষ্ঠান করতে হবে।<br>**অন্যান্য জেলাসমূহে অনুষ্ঠান আয়োজন:**<br>নজরুল স্মৃতি বিজড়িত জেলা ব্যতীত অন্যান্য সকল জেলার জেলা প্রশাসকগণ স্থানীয় সংসদ সদস্য, জনপ্রতিনিধি ও সুধীজনের সহযোগিতায় কমিটি গঠন করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদ্‌যাপন করবেন। সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারগণ অনুষ্ঠানসমূহের সার্বিক তত্ত্বাবধান করবেন। সাংস্কৃতিক অনুষ্ঠানের বিষয়ে জেলা শিল্পকলা একাডেমি প্রয়োজনীয় সহযোগিতা করবেন। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং জেলা প্রশাসক চট্টগ্রাম, কুমিল্লা, ময়মনসিংহ, মনিকগঞ্জ, চুয়াডাঙ্গা।<br><br>মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, কমিশনার (সকল বিভাগ), জেলা প্রশাসক (সকল) এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমি। |
| ৮. | **সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থায় সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা সভা আয়োজন:**<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্মবার্ষিকী উপলক্ষ্যে বিশেষ আলোচনা সভা/ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা। |
| ৯. | **কবির সমাধিতে পুষ্পস্তবক অর্পণ:**<br>১১ জ্যৈষ্ঠ ১৪৩১/ ২৫ মে ২০২৪ তারিখ শনিবার সকাল ৬:৩০ টার মধ্যে মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়ের উপস্থিতিতে কবির সমাধিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন ঢাকায় অবস্থিত দপ্তর/সংস্থা এবং ঢাকা বিশ্ববিদ্যালয়। |
| ১০. | **টেলিভিশন ও বেতারে অনুষ্ঠান সম্প্রচার:**<br>জাতীয় পর্যায়ের উদ্বোধনী অনুষ্ঠানমালা বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ বেসরকারি বেতার ও টেলিভিশনে সরাসরি সম্প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। একই সাথে অন্যান্য অনুষ্ঠান ধারণপূর্বক সম্প্রচার এবং দেশের বিশিষ্ট কবিদের স্বকণ্ঠে আবৃত্তি/ গান সংগৃহীত থাকলে তা প্রচারের ব্যবস্থা করতে হবে। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তথ্য অধিদফতর, বাংলাদেশ টেলিভিশন এবং বাংলাদেশ বেতার। |

| ক্রমিক | কর্মসূচি/সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১১. | **ডিজিটাল ডিসপ্লে বোর্ড প্রদর্শন:** ঢাকাস্থ সকল সড়কদ্বীপে এবং অন্যান্য সকল জেলায় সকল জেলায় জাতীয় কবির ছবি, কবিতা, পরিচিতি ও চিত্রকর্ম প্রদর্শন এবং ডিজিটাল ডিসপ্লেসহ আলোকসজ্জার ব্যবস্থা করতে হবে। সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন বিলবোর্ডসমূহে দিবসের সাথে সঙ্গতি রেখে কনটেন্ট প্রদর্শনের জন্য স্থানীয় সরকার বিভাগ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। | মন্ত্রিপরিষদ বিভাগ, স্থানীয় সরকার বিভাগ এবং জেলা প্রশাসক (সকল)। |
| ১২. | **অনুষ্ঠানস্থলে নিরাপত্তা ও আইন শৃঙ্খলা রক্ষা:** জাতীয় পর্যায়ের মূল অনুষ্ঠান ও অন্যান্য সকল স্থানের অনুষ্ঠানমালার সার্বিক নিরাপত্তা ও আইন শৃঙ্খলা রক্ষা এবং অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে। | জননিরাপত্তা বিভাগ এবং সুরক্ষা সেবা বিভাগ। |
| ১৩. | **দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে নজরুল জন্মবার্ষিকী উদ্‌যাপন:** দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে সাংস্কৃতিক অনুষ্ঠান, আলোচনা অনুষ্ঠান, রচনা ও আবৃত্তি প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে জাতীয় কবির জন্মবার্ষিকী আবশ্যিকভাবে উদ্‌যাপন করতে হবে। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। |
| ১৪. | **বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক নজরুল জন্মবার্ষিকী উদ্‌যাপন:** বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহে দিবসটি যথাযথভাবে উদ্‌যাপনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পররাষ্ট্র মন্ত্রণালয়। |
| ১৫. | **ছবি, পোস্টার, আর্টক্যাম্প ও বই প্রদর্শনী:** কবি নজরুল ইনস্টিটিউট কর্তৃক জাতীয় কবি কাজী নজরুল ইসলামকে বর্তমান প্রজন্মের সাথে পরিচিত করার লক্ষ্যে কবির ছবি, পোস্টার, বই প্রদর্শনী এবং আর্টক্যাম্পের আয়োজন করতে হবে এবং গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক বই প্রদর্শনী, পাঠ প্রতিযোগিতা ও রচনা প্রতিযোগিতা আয়োজন করতে হবে। | কবি নজরুল ইনস্টিটিউট এবং গণগ্রন্থাগার অধিদপ্তর। |

৩.০ বিবিধ উপকমিটি গঠন: রবীন্দ্র ও নজরুল জন্মবার্ষিকী সুষ্ঠুভাবে উদ্‌যাপনের লক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় হতে প্রয়োজনীয়তার নিরিখে বিভিন্ন উপকমিটি গঠন করতে হবে।

৪.০ সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি রবীন্দ্র-নজরুল জন্মবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনে সংশ্লিষ্ট সকলের ঐকান্তিক সহযোগিতা প্রত্যাশা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাহিদ ইজাহার খান ২৬.৪.২০২৪

নাহিদ ইজাহার খান এমপি
প্রতিমন্ত্রী

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.১২৪.২৩.২০৫.২৪.২৫৪ তারিখ: ০৪ বৈশাখ ১৪৩১
১৭ এপ্রিল ২০২৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. জনাব আসাদুজ্জামান নূর, মাননীয় সংসদ সদস্য, নীলফামারী-২ ও মাননীয় সভাপতি, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা;
২. জনাব চয়ন ইসলাম, মাননীয় সংসদ সদস্য, সিরাজগঞ্জ-৬ ও সদস্য, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, বাড়ি নং-৩৮বি, সড়ক-১৮, ব্লক-বি, বনানী, ঢাকা;
৩. জনাব মোছা: জান্নাত আরা হেনরী, মাননীয় সংসদ সদস্য, সিরাজগঞ্জ-২, ও সদস্য, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, বাড়ি নং-৪৮২, রোড নং-৬, এভিনিউ-৬, মিরপুর ডিওএইচএস, ঢাকা-১২১৬;
৪. উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৫. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা;
৬. উপাচার্য, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ;
৭. উপাচার্য, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, শাহজাদপুর, সিরাজগঞ্জ;
৮. জনাব আহমদ রফিক, সভাপতি, রবীন্দ্র চর্চা কেন্দ্র ও রবীন্দ্র গবেষক, অপরাজিতা, ৬ষ্ঠ তলা, ২০/সি, নিউ ইস্কাটন, ঢাকা;
৯. ড. সনজিদা খাতুন, সভাপতি, ছায়ানট, আদিত্য, ডি/৭, বাড়ি নং-৮/এ, ১২/ক, সড়ক-১৪, ধানমন্ডি, ঢাকা-১২০৯;
১০. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১১. অতিরিক্ত সচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১২. রেজিস্ট্রার অফ কপিরাইটস, বাংলাদেশ কপিরাইট অফিস, ঢাকা;
১৩. মহাপরিচালক, বাংলা একাডেমি, ঢাকা;
১৪. মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, ঢাকা;
১৫. নির্বাহী পরিচালক, কবি নজরুল ইন্সটিটিউট, ঢাকা;
১৬. মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা;
১৭. মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা;
১৮. মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা;
১৯. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা;
২০. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা;
২১. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা;
২২. ডীন, চারুকলা ইন্সটিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা;
২৩. ড. সৈয়দ মঞ্জুরুল ইসলাম, বাসা-৭৬/এ, আরবান প্যারাগন, ফ্ল্যাট-৯বি, রাস্তা-১২/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯;
২৪. অধ্যাপক বেগম আকতার কামাল, অধ্যাপক, বাংলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়;
২৫. শিল্পী হাশেম খান, বাড়ি-৩, রোড-৩১, সেক্টর-৭, উত্তরা, ঢাকা;
২৬. ড. মুনতাসির উদ্দিন খান মামুন, অধ্যাপক, ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা;
২৭. যুগ্মসচিব (অনুষ্ঠান), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২৮. পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা;
২৯. জনাব রামেন্দু মজুমদার, মাতৃছায়া, ২০/2, সেন্ট্রাল রোড, ঢাকা;
৩০. জনাব তপন মাহমুদ, সভাপতি, সংগীত সংগঠন সমন্বয় পরিষদ, বাড়ি-৮১-৮৩, ফ্ল্যাট-সি৩, ব্লক-বি, রোড-৪, নিকেতন, গুলশান-১, ঢাকা;
৩১. জনাব নাসির উদ্দিন ইউসুফ, সভাপতি, ইন্টারন্যাশনাল থিয়েটার ইনস্টিটিউট, ১১/১/খ, পুরানা পল্টন লাইন, ঢাকা-১০০০;
৩২. জনাব মফিদুল হক, ট্রাস্টি, মুক্তিযুদ্ধ জাদুঘর, সাহিত্য প্রকাশ, ৮৭ পুরানা পল্টন লাইন, পল্টন টাওয়ার (পুল পাড়), ৭ম তলা, ঢাকা;

৩৩. জেলা প্রশাসক, ময়মনসিংহ/কুমিল্লা/চট্টগ্রাম/মানিকগঞ্জ/চুয়াডাঙ্গা/কুষ্টিয়া/সিরাজগঞ্জ/নওগাঁ/খুলনা;
৩৪. জনাব গোলাম কুদ্দুছ, ৪/বি, ইন্দিরা রোড, ফ্ল্যাট নং-বি/৮, ঢাকা;
৩৫. সাধারণ সম্পাদক, বাংলাদেশ গ্রুপ থিয়েটার ফেডারেশন, ৫২৭/১৩ নয়াটোলা, মগবাজার, ঢাকা;
৩৬. জনাব সালাউদ্দিন বাদল, সভাপতি, জয়বাংলা সাংস্কৃতিক ঐক্যজোট, ৭ উত্তর মৈষুন্ডি, টিপু সুলতান রোড, ওয়ারী, ঢাকা;
৩৭. সভাপতি, বাংলাদেশ চলচ্চিত্র প্রযোজক ও পরিবেশক সমিতি ও সদস্য, পরিচালনা বোর্ড, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, ঢাকা;
৩৮. সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ আবৃত্তি সমন্বয় পরিষদ, ভবন-২, এপার্টমেন্ট-৫০৪, ১৬৯, গ্রীণ রোড, ঢাকা;
৩৯. অধ্যক্ষ, সরকারি সংগীত মহাবিদ্যালয়, আগারগাঁও, ঢাকা;
৪০. পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ;
৪১. মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা;
৪২. জনাব ফেরদৌসী রহমান, বাড়ি-২৯, ব্লক-সি, রোড-৬, মেলোডি গার্ডেন, বনানী, ঢাকা;
৪৩. সৈয়দ হাসান ইমাম, ফ্ল্যাট-৭ এ/বি, সাঈদা গার্ডেন, ৮৬ বড় মগবাজার, ঢাকা;
৪৪. জনাব রেজওয়ানা চৌধুরী বন্যা, মিতালী এপার্টমেন্ট, ৫/বি, ২/৭, ব্লক-বি, লালমাটিয়া, ঢাকা;
৪৫. জনাব পাপিয়া সারোয়ার, রোড-১৫, বাড়ি-২৪, লেক ভ্যালী, ধানমন্ডি, ঢাকা;
৪৬. জনাব শাহীন সামাদ, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব, বাড়ি-৫২, ফ্ল্যাট-৫এ, রোড-২, ডিওএইচএস, বনানী, ঢাকা;
৪৭. ড. লীনা তাপসী, প্রফুল্ল, সুফিয়া কামাল হল, কলেজ রোড, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৪৮. জনাব খাইরুল আনাম শাকিল, প্রিস্টিনভিল, বি৮/বি৯, বাড়ি-৭৯-৮০, রোড-২, ব্লক-এ, বসুন্ধরা আ/এ, ঢাকা;
৪৯. বেগম খিলখিল কাজী, বাড়ি-৩৮, ব্লক-ই, সড়ক-১২, বনানী, ঢাকা;
৫০. বেগম শিমুল ইউসুফ, বাসা-২২, রোড-১১৩, গুলশান-২, ঢাকা;
৫১. জনাব মামুনুর রশীদ, বাড়ি-৯৭, রোড-৯/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা;
৫২. বেগম মিনু হক, এপার্টমেন্ট-৫বি, বাড়ি-২২ (চারুবিথি), সড়ক-১১৩, গুলশান-২, ঢাকা;
৫৩. সভাপতি, বুলবুল ললিতকলা একাডেমি, ৭ ওয়াইজঘাট, ঢাকা।

**<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>**

১. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির মাননীয় সভাপতির একান্ত সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা (সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির মাননীয় সভাপতির সদয় অবগতির জন্য);
২. সচিব, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা;
৩. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য);
৪. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫. সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৬. অফিস কপি।

০৭/৪/২০২৪

আইরীন ফারজানা
উপসচিব
ফোন-৫৫১০০৬৬৮
ইমেইল: event.section@moca.gov.bd